



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ২০/২০১৯

তারিখ : ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারী ২০১৮

ব্যাংকার্স সিলেকশন কমিটির অন্তর্ভুক্ত ৪টি ব্যাংকে সমন্বিতভাবে একক পরীক্ষার
মাধ্যমে 'সহকারী প্রকৌশলী (সিভিল)' পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের
Standard Aptitude Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে সমন্বিতভাবে ৪টি ব্যাংকে 'সহকারী প্রকৌশলী (সিভিল)' এর ১৪টি(সোনালী ব্যাংক লি: এ ৪টি, জনতা ব্যাংক লি: এ ৩টি, রূপালী ব্যাংক লি: এ ৩টি ও কর্মসংস্থান ব্যাংকে ১টি) শূন্য পদে নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াস্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০২ ঘন্টা ব্যাপী ২০০ নম্বরের Standard Aptitude Test(লিখিত পরীক্ষা) আগামী ১৫/০২/২০১৯ তারিখ শুক্রবার সকাল ৯:৩০ টা থেকে ১১:৩০ টা পর্যন্ত সরকারী বিজ্ঞান কলেজ, তেজতুরি বাজার রোড, ফার্মগেট, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা শুরুর পূর্বক্ষণ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, অন্যান্য ইলেকট্রিক ডিভাইস এবং প্রবেশপত্রের একাধিক কপি বা কোনো অতিরিক্ত কাগজ নিয়ে প্রবেশ না করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(নূরন নাহার)

মহাব্যবস্থাপক, বিএসসি

ও

সদস্য-সচিব, বিএসসি